

## ইবাইস বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বিরুদ্ধে প্রতারণার অভিযোগ

শিক্ষার্থীদের ক্ষতিপূরণ দাবি

■ সমকাল প্রতিবেদক  
অনুমোদনহীন ক্যাম্পাসে ভর্তির মাধ্যমে রাজধানীর ইবাইস বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রতারণা করেছে বলে অভিযোগ করেছেন ইবাইস বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। একই সঙ্গে তারা ক্ষতিপূরণও দাবি করেন। গতকাল রোববার ঢাকা রিপোর্টার্স ইউনিটি মিলনায়তনে সংবাদ সম্মেলনের মাধ্যমে শিক্ষার্থীরা এ দাবি জানান। সংবাদ সম্মেলনে নিম্নোক্ত বক্তব্য উপস্থাপন করেন ইবাইস বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী রিয়াজুল হাসান রাশেদ। উপস্থিত ছিলেন ফেরদৌস আলম রাস্তা, মাহমুদুল হাসান, নাজমুল ইসলাম, জহিরুল ইসলাম, জেনিস আখতার প্রমুখ।  
সংবাদ সম্মেলনে শিক্ষার্থীরা অন্য কোনো বৈধ বিশ্ববিদ্যালয়ে স্থানান্তর, এরই মধ্যে সম্পন্ন হওয়া ক্রেডিটগুলো গ্রহণ করা, পুনরায় ভর্তি ফি ধার্য না করা, শিক্ষার্থীপ্রতি মূলতম পাঁচ লাখ টাকা করে ক্ষতিপূরণ প্রদান, ভাড়াটে সন্ত্রাসী দিয়ে হামলার সূচু তদন্ত ও বিচার এবং অবৈধ ও অননুমোদনহীন বিশ্ববিদ্যালয় বন্ধের দাবি জানান। এসব দাবিসংবলিত একটি প্যারকলিপি গতকালই শিক্ষা সচিব বরাবর পেশ করা হয়েছে বলেও জানিয়েছেন ক্ষতিগ্রস্ত শিক্ষার্থীরা।  
সংবাদ সম্মেলনে শিক্ষার্থীরা অভিযোগ করেন, অবৈধ ও অননুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হওয়া সত্ত্বেও প্রতারণার মাধ্যমে তাদের

আমেরিকা বাংলাদেশ বিশ্ববিদ্যালয়ের ঢাকার উত্তরা শাখায় ভর্তি করানো হয়েছিল। বিষয়টি জানাজানি হয়ে যাওয়ায় পর কর্তৃপক্ষ তাদের ইবাইস বিশ্ববিদ্যালয় মোহাম্মদপুর নামে আরেকটি বিশ্ববিদ্যালয়ের ধানমন্ডি ক্যাম্পাসে স্থানান্তরের আখ্যাস দিয়েও উত্তরা শাখায় ভর্তি করেছে। অথচ ইবাইস বিশ্ববিদ্যালয়ের উত্তরা ও মোহাম্মদপুর ক্যাম্পাসেও কোনো অননুমোদন নেই।